# মডেল প্রশ্ন-৪

সময়-২ ঘণ্টা ৩০ মিনিট | বিষয় : হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা | পূর্ণমান-১০০

১। সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ : ১×৪০=৪০

১। জীবের মধ্যে ঈশ্বর কিরূপে অবস্থান করেন?
ক. দেবতারূপে খ. ভ্রমররূপে গ. মনরূপে ঘ. আত্মারূপে

২। কোনগুলো ঈশ্বর সৃষ্টি করেছেন?
ক. মানুষ, পশু, পাখি, কম্পিউটার খ. পাহাড়, বন, নদী, পুকুর
গ. জীব, সাগর, বাতাস, তারা ঘ. আকাশ, সূর্য, ফুল, ঘরবাড়ি

৩। কোনটি জীবসেবা নয়?
ক. দরিদ্রের সেবা করা খ. পীড়িতের সেবা করা
গ. পোষা জন্তুর পরিচর্যা করা ঘ. গাছপালা নিধন করা

৪। ব্রাহ্মণ কীভাবে সংসার চালাতেন?
ক. পূজা করে খ. কীর্তন করে গ. উঞ্ছবৃত্তি করে ঘ. ধর্ম শুনিয়ে

৫। দরিদ্র ব্রাহ্মণের কে পরীক্ষা করতে এসেছিলেন?
ক. অতিথি ব্রাহ্মণ খ. ধর্মদেব গ. ব্যাসদেব ঘ. রামকৃষ্ণ পরমহংসদেব

৬। আমরা কার সেবা করে কৃতজ্ঞতা প্রকাশ করি?
ক. ঈশ্বর সেবা খ. জীব সেবা গ. অতিথি সেবা ঘ. ব্রাহ্মণ সেবা

৭। ঈশ্বর যখন নিরাকার তখন তাকে কী বলা হয়?
ক. ব্রহ্ম খ. ভগবান গ. দেবদেবী ঘ. বিষ্ণু

৮। ঈশ্বরের সাকার রূপ কী?
ক. ভগবান খ. দেবদেবী গ. গ্রহ ঘ. নক্ষত্র

৯। ঈশ্বরের শক্তির প্রকাশ ঘটেছে কোন দেবতার মাধ্যমে?
ক. কালী খ. দুর্গা গ. লক্ষ্মী ঘ. সরস্বতী

১০। বিষ্ণুর অবতার কয়টি?
ক. আটটি খ. নয়টি গ. দশটি ঘ. এগারোটি

১১। ঈশ্বর পৃথিবীতে অবতীর্ণ হন কেন?
ক. পরিদর্শনের জন্য খ. অভাব মোচনের জন্য
গ. ভাগ্য সুপ্রসনের জন্য ঘ. ধর্ম সংস্থাপনের জন্য

১২। পরশু শব্দের অর্থ কী?
ক. লাঙ্গল খ. খড়গ গ. চক্র ঘ. কুঠার

১৩। কলির শেষ প্রান্তে শ্রীবিষ্ণু কোন রূপ ধারণ করবেন?
ক. বুদ্ধ অবতার খ. রাম অবতার গ. কল্কি অবতার ঘ. বলরাম অবতার

১৪। উপাসনা অর্থ কী?
ক. ঈশ্বরকে ভয় করা খ. ঈশ্বরকে স্মরণ করা
গ. দেবদেবীকে ভয় করা ঘ. ঈশ্বরকে ভুলে যাওয়া

১৫। উপাসনা কিসের অঙ্গ?
ক. মনের খ. দেহের গ. ধর্মের ঘ. কর্মের

১৬। নিরাকার উপাসনায় ভক্ত কোথায় ঈশ্বরকে অনুভব করেন?
ক. মাথায় খ. অন্তরে গ. শরীরে ঘ. মন্দিরে

১৭। উপাসনা একটি–
ক. সাপ্তাহিক কর্ম খ. পাক্ষিক কর্ম গ. মাসিক কক্ষ ঘ. নিত্যকর্ম

১৮। হিন্দুধর্মের গ্রন্থগুলো কোন ভাষায় লেখা?
ক. বাংলা খ. ইংরেজি গ. পালি ঘ. সংস্কৃত

http://teachingbd.com

১৯। আত্মারূপে সকল জীবের মধ্যে কে বিরাজমান?
ক. দেবতা খ. জীবন গ. ব্রহ্ম ঘ. দেবী
২০। রাত্রিকৃত্যে কী বলে ঘুমাতে হয়?
ক. জগদীশ্বর খ. নারায়ণ গ. বিষ্ণু ঘ. পদ্মনাভ
২১। হিন্দুধর্মের প্রাচীন নাম হলো–
ক. সনাতন ধর্ম খ. বৌদ্ধধর্ম গ. পারসিক ধর্ম ঘ. পুরাতন ধর্ম
২২। বেদের কয়টি কাণ্ড?
ক. ২টি খ. ৩টি গ. ৪টি ঘ. ৫টি
২৩। স্বর্গের রাজা কে?
ক. ইন্দ্র খ. শিব গ. ব্রহ্মা ঘ. বিষ্ণু
২৪। মোক্ষ শব্দের অর্থ কী?
ক. শক্তি খ. ভক্তি গ. মুক্তি ঘ. যুক্তি
২৫। বৈদিক যুগের পর আসে কোন যুগ?
ক. সত্য যুগ খ. ত্রেতা যুগ গ. দ্বাপর যুগ ঘ. পৌরাণিক যুগ
২৬। ইন্দ্রের রাজধানীর নাম কি?
ক. অমরলোক খ. অমরাবতী গ. দেবলোক ঘ. সুরলোক
২৭। কোনটি নিত্য কর্মের ফল?
ক. কাজের গতি বৃদ্ধি করা খ. স্মৃতিশক্তি বৃদ্ধি করা
গ. জ্ঞান বৃদ্ধি করা ঘ. নিয়মানুবর্তিতা শেখানো
২৮। বেদ কয় খানা?
ক. তিন খ. চার গ. পাঁচ ঘ. ছয়
২৯। আরণ্যকের বিষয়বস্তু কী?
ক. ব্রহ্ম খ. নিষ্কামকর্ম গ. মন্ত্র ঘ. ধর্ম-দর্শন
৩০। মূল পুরাণ কয়খানা?
ক. ৮ খানা খ. ১০ খানা গ. ১৮ খানা ঘ. ২৮ খানা
৩১। সব শাস্ত্রের সার কোন ধর্মগ্রন্থের?
ক. পুরাণ খ. গীতা গ. উপনিষদ ঘ. আরণ্যক
৩২। মায়ের কথায় ধ্রুব কার স্মরণ করেছেন?
ক. হরির খ. কৃষ্ণের গ. রামের ঘ. শিবের
৩৩। জীব ও জগৎ কে সৃষ্টি করেছেন?
ক. দেবতা খ. দৈত্য গ. ঈশ্বর ঘ. মানুষ
৩৪। জীব সেবা করে আমরা কী পাব?
ক. সুখ খ. আনন্দ গ. ভালোবাসা ঘ. শান্তি
৩৫। নৃসিংহ অবতার কাকে হত্যা করেছিলেন?
ক. সত্যব্রতকে খ. গৌতম বুদ্ধকে গ. হিরণ্যকশিপুকে ঘ. বলিকে
৩৬। বিশ্বের সর্বময় কর্তা কে?
ক. বিষ্ণু খ. ইন্দ্র গ. দুর্গা ঘ. ঈশ্বর
৩৭। উপাসনা ও প্রার্থনা করে আমরা কী হতে পারি?
ক. সাহসী খ. শক্তিশালী গ. চালাক ঘ. সৎ ও ধার্মিক
৩৮। সরস্বতী কিসের দেবী?
ক. শক্তির খ. ধন-সম্পদের গ. সৃষ্টির ঘ. বিদ্যার
৩৯। আত্মার নতুন দেহ ধারণ করাকে কী বলে?
ক. জন্মান্তর খ. নবজন্ম গ. ইহজন্ম ঘ. পরজন্ম
৪০। 'সর্ব খল্বিদং ব্রহ্ম'– কথাটি কোন গ্রন্থে বলা হয়েছে?
ক. উপনিষদে খ. রামায়ণে গ. ভাগবতে ঘ. মহাভারতে

২। শূন্যস্থানের প্রযোজ্য শব্দ বা শব্দসমূহ উত্তরপত্রে লেখ : ১×১০=১০
ক. ঈশ্বর সকল — মধ্যে আছেন।
খ. কুরুক্ষেত্রকে — বলা হয়।
গ. ঈশ্বরের কোন — নেই।
ঘ. ভগবান বিষ্ণু বিভিন্ন যুগে —।
ঙ. প্রার্থনা হচ্ছে ঈশ্বরের নিকট কোন কিছু —।
চ. স্তব করলে আমাদের মন — হয়।
ছ. প্রতিদিন নিয়ম মেনে যে কাজ করা হয় তাকে — বলে।
জ. পৌরাণিক যুগে অনেক নতুন — আবির্ভাব ঘটে।
ঝ. বিভিন্ন মুনি ঋষি — বাণীসমূহ দর্শন করেছেন।
ঞ. গীতায় — অধ্যায় আছে।

৩। নিচের প্রশ্নগুলোর উত্তর সংক্ষেপে উত্তরপত্রে লেখ: ১×১০=১০
ক. আত্মা বলতে কী বোঝ?
খ. ধর্মদেব অতিথি হয়ে এসেছিলেন কেন?
গ. ব্রহ্ম কাকে বলে?
ঘ. রাম কেন বনে গমন করেছিলেন?
ঙ. উপাসনা কাকে বলে?
চ. উপাসনার দুটি আসনের নাম লেখ।
ছ. চারজন বৈদিক দেবতার নাম লেখ।
জ. নিত্যকর্ম কয় প্রকার ও কী কী?
ঝ. বেদের এক নাম শ্রুতি হলো কেন?
ঞ. মূল পুরাণ কয়খানা? দুটি মূল পুরাণের নাম লেখ।

৪। ক, খ, গ ও ঘ নং প্রশ্নসহ যেকোনো আটটি প্রশ্নের উত্তর লেখ : ৫ × ৮ = ৪০
ক. ব্রাহ্মণকে অতিথি ব্রাহ্মণ এসে কী বলেছিলেন?
খ. নিত্যকর্ম কী? যেকোনো তিনটি নিত্যকর্মের বর্ণনা দাও।
গ. উপাসনার ক্ষেত্রে আসনের ভূমিকা ব্যাখ্যা কর।
ঘ. শ্রীমদ্ভগবদ্গীতার অবতার সম্পর্কিত শ্লোকটি সরলার্থসহ লেখ।
ঙ. ঈশ্বর ও দেব-দেবীর সম্পর্ক ব্যাখ্যা কর।
চ. প্রার্থনার প্রয়োজনীয়তা কী?
ছ. বিনোদের সেবামূলক কাজগুলো পাঁচটি বাক্যে লেখ।
জ. পাপ-পুণ্য ও স্বর্গ-নরক বলতে কী বোঝ?
ঝ. ধ্রুব কীভাবে হরিকে পেল?
ঞ. চার বেদের সংক্ষিপ্ত বর্ণনা দাও।

## উত্তরমালা

১। ১। ঘ; ২। গ; ৩। ঘ; ৪। গ; ৫। খ; ৬। ক; ৭। ক; ৮। খ; ৯। খ; ১০। খ; ১১। ঘ; ১২। ঘ; ১৩। গ; ১৪। খ; ১৫। গ; ১৬। খ; ১৭। ঘ; ১৮। ঘ; ১৯। গ; ২০। ঘ; ২১। ক; ২২। ক; ২৩। ক; ২৪। গ; ২৫। ঘ; ২৬। খ; ২৭। ঘ; ২৮। খ; ২৯। ঘ; ৩০। গ; ৩১। খ; ৩২। ক; ৩৩। গ; ৩৪। ঘ; ৩৫। গ; ৩৬। ঘ; ৩৭। ঘ; ৩৮। ঘ; ৩৯। ক; ৪০। ক।

২। (ক) জীবের; (খ) ধর্মক্ষেত্রও; (গ) আকার; (ঘ) দশটি অবতারে নিজেকে প্রকাশ করেছেন; (ঙ) চাওয়া; (চ) পবিত্র; (ছ) নিত্যকর্ম; (জ) দেব-দেবীর; (ঝ) ঈশ্বরের; (ঞ) ১৮টি।

http://teachingbd.com